# Frequently Asked Questions
# About the Project

For ready reference the following FAQs may be used and referred to when addressing questions about the project. A repertoir of informational documents are also available for reference at icbcproject.org/learning space.

## 1. Is ICBC a drowning prevention project?

Objectives related to child drowning prevention is the entry point for ICBC project, but the project design has been widened to address the comprehensive early childhood care and development (ECCD) needs such as early learning and nutritional needs, cognitive development, safety and security, psychosocial development among others. The project also addresses parenting education and community awareness activities on early childhood care, protection, and development.

## ১. ICBC কি পানিতে ডোবা প্রতিরোধের কোনো প্রকল্প?

যদিও শিশুদের পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধের উদ্দেশ্য নিয়ে ICBC প্রকল্পের ভাবনা শুরু হয়, তবে পরবর্তীতে শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সবগুলো দিক যেমন প্রারম্ভিক শিখন ও পুষ্টি, বুদ্ধিবৃত্তিক বিকাশ, নিরাপত্তা ও সুরক্ষা, মানসিক বিকাশ সহ অন্যান্য বিষয়কে বিবেচনা করে সমন্বিত সেবা প্রদানের লক্ষ্যে এই প্রকল্পটিরও বিস্তৃত পরিসরে পরিকল্পনা করা হয়। এই প্রকল্পে শিশুর লালন-পালন বিষয়ক মা-বাবার শিক্ষা, এবং শিশুর প্রারম্ভিক যত্ন, বিকাশ ও সুরক্ষা বিষয়ে কমিউনিটির সচেতনতা তৈরির বিষয়গুলোও অন্তর্ভুক্ত করা হয়।

## 2. What is the connection between child drowning prevention and ECCD in the project?

When children come to the childcare centers they not only are exposed to learning and other stimulations but also receive improved supervision which protects them from many injuries such as fire burn, road accident, snake bite and most importantly risk of drowning. Child drowning prevention is a major care issue of ECCD.

## ২. প্রকল্পে শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ এবং শিশুর পানিতে ডোবা প্রতিরোধের মধ্যে সম্পর্ক কী?

ICBC প্রকল্পের শিশুরা যখন শিশুযত্ন কেন্দ্রে আসবে তখন তারা যেমন শিখন ও অন্যান্য উদ্দীপনা পাবে তেমনি উন্নত তত্ত্বাবধানে থাকার ফলে তারা বিভিন্ন ধরণের ইনজুরি যেমন আগুনে পোড়া, সড়ক দুর্ঘটনা, সর্পদংশন এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ পানিতে ডোবা থেকে রক্ষা পাবে। শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের অন্যতম একটি সুরক্ষা ও নিরাপত্তা ইস্যু হচ্ছে শিশুর পানিতে ডোবা প্রতিরোধ।

# Frequently Asked Questions
# About the Project

## 3. How does keeping children in childcare centers prevent drowning?

A Bloomberg Philanthropies supported research (by CIPRB and Johns Hopkins University) in seven upazilas of Bangladesh proved that when children aged 1-5 years are kept supervised in childcare centers from 9am – 1pm, their risk of drowning is reduced by 88%. The government project will run childcare center operations six days a week from 9:00 am to 2:00 pm.

## ৩. শিশু দিবাযত্ন কেন্দ্রে শিশুকে রাখার মাধ্যমে কীভাবে পানিতে ডুবে যাওয়া প্রতিরোধ করা যায়?

ব্লুমবার্গ ফিলানথ্রোপিজের সহায়তায় সিআইপিআরবি এবং জন হপকিন্স বিশ্ববিদ্যালয় বাংলাদেশের সাতটি উপজেলায় গবেষণার মাধ্যমে প্রমাণ পায় যে, ১২ মাস থেকে ৫৯ মাস বয়সী শিশুদের যদি সকাল ৯ টা থেকে দুপর ১ টা পর্যন্ত শিশুযত্ন কেন্দ্রে তত্ত্বাবধানে রাখা যায় তাহলে শিশুদের পানিতে ডোবার ঝুঁকি ৮৮% কমে যায়। সরকারের এই ICBC প্রকল্পের শিশুযত্ন কেন্দ্রসমূহ সপ্তাহে ছয়দিন সকাল ৯ টা থেকে দুপর ২ টা পর্যন্ত চালু থাকবে।

## 4. What are the main interventions of the ICBC project?

The ICBC project will establish 8,000 childcare centers in 16 priority districts and 45 upazilas, serving 200,000 children between ages 1-5. It will also provide SwimSafe training to 360,000 children in the same locations between ages 6-10 through 1600 swimming facilities. Besides swimming training, survival skills of drowning will also be taught.

## ৪. ICBC প্রকল্পের প্রধান কী কী কার্যক্রম রয়েছে?

ICBC প্রকল্পের আওতায় ১৬টি জেলার ৪৫টি উপজেলায় ১ থেকে ৫ বছর বয়সি ২,০০,০০০ শিশুর জন্য ৮,০০০টি সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্র স্থাপন করা হবে। এছাড়া ৬ থেকে ১০ বছরের শিশুদের জন্য ১,৬০০টি সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র করা হবে এবং প্রশিক্ষণের মাধ্যমে ৩,৬০,০০০ শিশুকে জীবন রক্ষাকারী সাঁতার শেখানো হবে। সাঁতারের পাশাপাশি পানিতে ডুবে গেলে তার উদ্ধার কৌশলও শেখানো হবে।

## 5. Is the ICBC project a swimming training project?

No, the ICBC project is primarily a center based integrated childcare service delivery project for children ages 1-5. The project also includes a survival swimming component for 6–10-year-old children to teach them survival and rescue skills to save themselves from drowning.

Notably, about 8.22% of the funds of

## ৫. ICBC প্রকল্প কি সাঁতার প্রশিক্ষণের একটি প্রকল্প?

না। মূলত ১ থেকে ৫ বছর বয়সি শিশুদের কেন্দ্রভিত্তিক সমন্বিত শিশুযত্ন সেবা প্রদানের জন্যই এই ICBC প্রকল্প। তবে ৬ থেকে ১০ বছরের শিশুদের জীবন রক্ষাকারী সাঁতার শেখানোর মাধ্যমে তাদের পানিতে ডুবে যাওয়া থেকে বাঁচার এবং উদ্ধারের দক্ষতা অর্জনে সহায়তা করার কার্যক্রমটি এই প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এখানে উল্লেখ্য, ICBC প্রকল্পের মাত্র ৮.২২% অর্থ

the ICBC project are dedicated to the Swim Safe intervention while 75.58% are allocated to the childcare and development component of the project for children 1-5 years of age. The remaining are reserved for community awareness and other miscellaneous activities.

সাঁতার সুবিধা কার্যক্রমে ব্যয় করা হবে যেখানে ১ থেকে ৫ বছর বয়সি শিশুদের যত্ন ও বিকাশ সেবার জন্য ৭৫.৫৮% অর্থ এই প্রকল্পে বরাদ্দ রয়েছে। বাকি অর্থ কমিউনিটির সচেতনতা তৈরি এবং অন্যান্য কার্যক্রমে কাজে লাগবে।

## 6. What policy does ICBC project confirm to?

The ICBC project was designed under the wider frame of ECCD Policy 2013 not the Day Care Act 2021. The centers in the project are called community based childcare centers not daycares.

## ৬. ICBC প্রকল্প পরিকল্পনায় সরকারের কোন কোন নীতি বিবেচনা করা হয়?

শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি-২০১৩ বৃহত্তর পরিসরে ICBC প্রকল্প পরিকল্পনা করা হয়। শিশু দিবাযত্ন কেন্দ্র আইন-২০২১ এক্ষেত্রে বিবেচিত হয়নি। কারণ, এই প্রকল্পের আওতাভুক্ত কেন্দ্রগুলো দিবাযত্ন কেন্দ্র নয়; এগুলোকে বলা হচ্ছে সমাজভিত্তিক শিশুযত্ন কেন্দ্র।

## 7. What is the source of funding for ICBC project?

80% of the funding for the ICBC project will come from the Government source and the remaining 20% will come from Development Partners. Ministry of Women and Children Affairs is the administrative ministry while Bangladesh Shishu Academy is the implementing agency.

## ৭. ICBC প্রকল্পের অর্থায়নের উৎস কী?

ICBC প্রকল্পের ৮০% প্রদান করবে বাংলাদেশ সরকার এবং অবশিষ্ট ২০% আসবে উন্নয়ন সহযোগী সংস্থা থেকে। এই প্রকল্পের প্রশাসনিক মন্ত্রণালয় হলো মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ শিশু একাডেমি।

## 8. How will Bangladesh Shishu Academy implement the project at upazila and union levels as it only has offices in the districts?

Bangladesh Shishu Academy will implement the project at the union levels with support from NGOs and in coordination with other local government entities at various levels

## ৮. বাংলাদেশ শিশু একাডেমির জেলা পর্যায়ের কার্যালয় রয়েছে। সেক্ষেত্রে বাংলাদেশ শিশু একাডেমি কীভাবে উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে এই প্রকল্প বাস্তবায়ন করবে?

বাংলাদেশ শিশু একাডেমি ইউনিয়ন পর্যায়ে বেসরকারি সংস্থার সহায়তায় এবং বিভিন্ন পর্যায়ে স্থানীয় সরকার সংস্থাগুলো এবং সমাজভিত্তিক ব্যবস্থাপনা কমিটিগুলোর সাথে সমন্বয়ের মাধ্যমে এই প্রকল্প বাস্তবায়ন করবে।

and community-based management committees.

9. How will service integration take place in the ICBC project?

Service provision in the project doesn't have to take place only under one platform of childcare centers but also through establishing referral linkages with cross sector services.

৯. ICBC প্রকল্পে সেবাসমূহকে কীভাবে একত্র করা হবে?

ICBC প্রকল্পের আওতায় সকল সেবা শুধুমাত্র শিশুযত্ন কেন্দ্রেই প্রদান করা হবে বিষয়টি এমন নয়; এখানে বেশ কিছু সেবা সরকারি, বেসরকারি বিদ্যমান সেবার সাথে সংযোগ স্থাপনের জন্য সুপারিশ নিশ্চিত করা হবে।

10. Does real learning and development begin when children start attending school?

Foundational development and learning happen during 0-3 ages, before children reach school age. Early experiences and relationships are central to it. Scientists say that 80% of the neural connections of the brain are made between the ages of 0-5 years while the rest 20% are developed over the rest of the life. Therefore, 0-5 years is the best time to lay the foundations of brain development for children. if we can provide proper stimulation to children during early childhood period, we can change their life stories.

১০. শিশুদের প্রকৃত বিকাশ ও শিখন কি শিশুদের স্কুলে যাওয়ার পর থেকে শুরু হয়?

শিশুর বিকাশ ও শিখনের ভিত শিশুর জন্মের ৩ বছরের মধ্যেই রচিত হয়, যা শিশুর স্কুলে যাওয়ার বয়স হওয়ার অনেক আগেই। গবেষণা থেকে প্রমাণিত যে শিশুর জন্মের ৫ বছর বয়সের মধ্যেই তার মস্তিষ্কের নিউরনগুলোর মধ্যে ৮০-৯০% সংযোগ ও অন্তর্জাল স্থাপিত হয়। এর মধ্যে অধিক সংখ্যক সংযোগ ঘটে প্রথম ৫ বছর বয়সের মধ্যে। তাই শিশুর মস্তিষ্ক বিকাশের এই গুরুত্বপূর্ণ সময়কালের মধ্যে অর্থাৎ ৫ বছর বয়সের মধ্যে আমরা যদি শিশুকে সঠিক যত্ন ও উদ্দীপনা দিতে পারি তাহলে আমরা তার জীবনের গল্প বদলে দিতে পারি।

11. How will learning occur in the childcare centers? What books and curriculum will children follow?

Learning in the childcare centers is not centered on books. Children will learn through play. Children of age group 1-5 will follow an age specific play-based learning curriculum developed by

১১. শিশুযত্ন কেন্দ্রে শিশুর শিখনের বিষয়টি কীভাবে হবে? সেখানে কী ধরনের পাঠ্যপুস্তক বা পাঠ্যক্রম অনুসরণ করা হবে?

শিশুযত্ন কেন্দ্রে শিশুর শিখন পাঠ্যপুস্তক নির্ভর নয়। শিশুরা খেলার মাধ্যমে শিখবে। প্রকল্পের আওতায় ১ থেকে ৫ বছর বয়সি শিশুদের জন্য বয়স উপযোগী খেলা নির্ভর শিখনের পাঠ্যক্রম উন্নয়ন করা হয়েছে যা হবে আন্তর্জাতিকভাবে সমাদৃত একটি মডেলের

BRAC IED based on an internationally acclaimed model or a Harvard approved model.

উপর ভিত্তি করে।

12. Will the childcare centers provide free food to children at the centers? Will children be fed at the centers?

The childcare centers will not offer free food to children, but the caregivers will provide advice to parents of children to pack healthy food with them so that they can have and share with friends during break time.

১২. শিশুযত্ন কেন্দ্রগুলো কি শিশুদের বিনামূল্যে খাবার সরবরাহ করবে? শিশুদের কি কেন্দ্রে খাওয়ানো হবে?

শিশুযত্ন কেন্দ্রগুলি শিশুদের বিনামূল্যে খাবার সরবরাহ করবে না, তবে যত্নকারীরা শিশুদের বাবা-মাকে স্বাস্থ্যকর খাবার তৈরি করার পরামর্শ দেবে যাতে তারা বিরতির সময় বন্ধুদের সাথে আনন্দ করে খেতে পারে।

13. Will the centers be closed during government public holidays?

The childcare centers will follow the annual holiday calendar of the government's primary schools.

১৩. সরকারি ছুটির দিনে কি কেন্দ্র বন্ধ থাকবে?

শিশুযত্ন কেন্দ্রগুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ছুটির ক্যালেন্ডার অনুসরণ করবে।

14. How can an urban concept like childcare centre be successful in rural areas?

The centers are not day cares for children of working mothers. The childcare centers located in proximity within the community will provide comprehensive childcare and development support to children and at the same time will protect them from many injuries especially drowning risk during hours when parents in rural areas are busy with household or external work.

A CIPRB implementation research in Bangladesh revealed that due to abundance of water bodies in rural

১৪. শিশুযত্ন কেন্দ্রের মতো একটি শহুরে ধারণা কীভাবে গ্রামীণ এলাকায় সফল হবে?

শিশুযত্ন কেন্দ্রগুলো শুধুমাত্র কর্মজীবী মায়েদের শিশুদের দিবাযত্ন নয়। এই কেন্দ্রগুলো কমিউনিটির ভেতরেই বা খুব কাছেই থাকবে এবং এগুলোর মাধ্যমে শিশুরা সমন্বিত যত্ন ও বিকাশের সেবা পাবে এবং একই সাথে শিশুরা বিভিন্ন ধরনের ইনজুরি থেকে বিশেষ করে গ্রামীণ এলাকার মা-বাবা যখন ঘরে বা বাইরের কাজে ব্যস্ত থাকে তখন পানিতে ডোবা থেকে রক্ষা পাবে।

বাংলাদেশে সিআইপিআরবির একটি গবেষণায় দেখা যায় যে গ্রামীণ এলাকায় জলাধারের আধিক্য থাকায় শহরের তুলনায় গ্রামে পানিতে ডোবার ঘটনা বেশি ঘটে। এই প্রকল্প পরিকল্পনার প্রাক্কালে বাংলাদেশ শিশু একাডেমি নয়টি জেলায় একটি সম্ভাব্যতা সমীক্ষা করে, যাতে দেখা যায় যে গ্রামের অধিকাংশ মা-বাবা তাদের

areas drowning occurs more in rural areas than urban locations. A feasibility study conducted across nine districts by Bangladesh Shishu Academy (before the project design) revealed positive findings that majority of the rural parents were interested to send their children to childcare centers.

শিশুদের শিশুযত্ন কেন্দ্রে পাঠাতে চান।

## 15. Do children in rural areas need to learn swimming?

Drowning is a major cause of child mortality in Bangladesh. Everyday children of all ages die from drowning. Research shows if children from age five learn swimming and rescue skills it can save their lives. Especially for the children in rural areas, where water bodies are very close to households (a CIPRB implementation research findings), the drowning occurs more than urban locations.

## ১৫. গ্রামের শিশুদের কি সাঁতার শেখানোর দরকার আছে?

বাংলাদেশে শিশুমৃত্যুর অন্যতম প্রধান কারণ পানিতে ডুবে যাওয়া। সাঁতার একটি জীবন রক্ষাকারী দক্ষতাও বটে। তাই অকালমৃত্যু রোধে যেকোন প্রেক্ষাপটে সকল শিশুরই সাঁতার শেখা এবং পানিতে কেউ ডুবে গেলে তার উদ্ধার কৌশল শেখা প্রয়োজন। বিশেষ করে গ্রামের শিশুদের, যেখানে তাদের বাড়ির খুব কাছেই বিভিন্ন রকম জলাধার রয়েছে, তাই সেখানে পানিতে ডুবে মৃত্যু শহরাঞ্চলের চেয়ে অনেক বেশি হয় (সিআইপিআরবি'র গবেষণা তথ্য)।

## 16. What are the criteria for selecting the implementation locations in the project?

The implementation locations for the project were selected based on the following 4 criteria:

- UNICEF's multidimensional child deprivation or poverty index: UNICEF every year prepares and updates an index on child deprivation known as the Composite Deprivation Index (CDI). The ICBC DPP looked at UNICEF's CDI 2010 to select districts with worst values.

## ১৬. প্রকল্প বাস্তবায়নের স্থান নির্বাচন করার জন্য মানদণ্ড কী কী?

প্রকল্পের বাস্তবায়নের জেলাসমূহ নিম্নলিখিত ৪টি মানদণ্ডের উপর ভিত্তি করে নির্বাচন করা হয়েছিল:

- ইউনিসেফের বহুমাত্রিক শিশু বঞ্চনা বা দারিদ্র্য সূচক ইউনিসেফ প্রতি বছর কম্পোজিট ডিপ্রিভেশন ইনডেক্স (সিডিআই) নামে পরিচিত এক শিশু বঞ্চনার উপর একটি সূচক তৈরি করে। আইসিবিসি ডিপিপি ইউনিসেফের সিডিআই ২০১০-এর দিকে নজর দিয়ে সবচেয়ে খারাপ মানসম্পন্ন জেলা নির্বাচন করার চেষ্টা করেছে।

# Frequently Asked Questions
# About the Project

- Number of ponds/Thousand persons: Districts having 10 or more ponds per 1000 people are considered significantly risky.
- Total Number of Ponds: Districts with a high number of ponds were selected.
- NGO/CBO Presence: Districts that already have different agencies operating some form of care center were chosen.

- প্রতি হাজার মানুষে পুকুরের সংখ্যা: প্রতি ১০০০ জনে ১০টি, বা তার বেশি পুকুর থাকা এমন জেলাগুলি উল্লেখযোগ্যভাবে ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত হয়।
- পুকুরের মোট সংখ্যা
- এনজিও-এর উপস্থিতি: এমন জেলা বাছাই-করা হয় যেখানে ইতিমধ্যেই বিভিন্ন সংস্থা রয়েছে যারা কোনো না কোনো ধরনের শিশুযত্ন কেন্দ্র পরিচালনা করছে ।

17. Where can we find more resources to learn further about the project?

To find more resources and learning materials about the project and its implementation, we can visit www.icbcproject.org

১৬. প্রকল্পের বিষয়ে আরও জানার জন্য রিসোর্স আমরা কোথায় পেতে পারি?

ICBC প্রকল্প এবং এর বাস্তবায়ন সংক্রান্ত রিসোর্স এবং শিখন উপকরণ পেতে পারেন এই ওয়েবসাইটে: www.icbcproject.org